# Times Today BD

মো. হাসান | ক্যাম্পাস | 05 April, 2025

পাবনার সুজানগরে পদ্মা নদীতে নৌকাডুবিতে প্রাণ হারিয়েছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী মাসুদা মাহজাবিন মৌ ও তাঁর স্বামী হৃদয় হোসেন।শনিবার (৫ এপ্রিল) বিকালে বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সভাপতি মোঃ খাইরুল ইসলাম।

পুলিশ ও স্থানীয় সূত্রে, গতকাল শুক্রবার (৪ এপ্রিল) সন্ধ্যায় উপজেলার সাতবারিয়া ঘাট এলাকায় ঘুরতে গিয়ে নৌকাডুবে নিখোঁজ হয় মৌ-হৃদয় দম্পতি।আজ শনিবার বেলা ১১টার দিকে নিখোঁজের প্রায় ১৬ ঘণ্টা পর পদ্মা নদী থেকে তাদের লাশ উদ্ধার করে নৌপুলিশ ও ডুবুরি দল।

নিহত মৌ পাবনার সাঁথিয়া উপজেলার বনগ্রাম বাজারের ব্যবসায়ী মানিকুজ্জামান মানিকের মেয়ে এবং তাঁর স্বামী হৃদয় পাবনা সদর উপজেলার কোলচরি গ্রামের দুলাল প্রামানিকের ছেলে।

বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের সভাপতি মোঃ খাইরুল ইসলাম বলেন, “নদীতে নৌকাডুবিতে স্বামীসহ আমাদের শিক্ষার্থীর প্রাণ হারানোর ঘটনাটি আমরা জানতে পেরেছি।মরদেহ উদ্ধার করেছে নৌপুলিশ ও ডুবুরি দল।বিভাগের পক্ষ থেকে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে বিভাগ।”

পদ্মা নৌকাডুবি মৃত্যু পুলিশ ইসলামী বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 18:51

URL: https://www.timestodaybd.com/campus/338775807